

পরিকল্প নং-১১৬

জীবন আনন্দ

সময়ের সাথে মানুষের চাহিদার ক্রমাগত পরিবর্তন ঘটে। আর এই পরিবর্তনের সাথে তাল মিলিয়ে প্রগতি লাইফ ইস্যুরেন্স প্রনয়ন করেছে এই নতুন পরিকল্প 'জীবন আনন্দ'। এটি একটি চার কিস্তি বীমা পরিকল্প। এই পরিকল্প জীবনকে ঝুঁকিমুক্ত রাখার পাশাপাশি পরিবর্তিত চাহিদা পূরণ করে বীমাগ্রহীতার জন্য একটি সুখী ও আনন্দময় জীবন নিশ্চিত করবে।

সুবিধাসমূহ :

(১) এই পরিকল্পে মেয়াদের এক-চতুর্থাংশ ($1/4$ ভাগ) সময় অতিবাহিত হলে বীমা অংকের ১০% বীমাগ্রহীতাকে প্রদান করা হবে। একই ভাবে দুই চতুর্থাংশ ($2/4$ ভাগ) সময় অতিবাহিত হলে দেয়া হবে বীমা অংকের ২০% এবং তিন চতুর্থাংশ ($3/4$ ভাগ) সময় অতিবাহিত হলে দেয়া হবে বীমা অংকের ৩০%। মেয়াদ শেষে অবশিষ্ট ৪০% বীমাঅংক প্রত্যাশিত লাভসহ প্রদান করা হবে।

উদাহরণ : ১ লক্ষ টাকার ১২ বছর মেয়াদী পলিসিতে ৩ বছর শেষে দেয়া হবে ১০ হাজার টাকা। ৬ষ্ঠ বছর শেষে দেয়া হবে ২০ হাজার টাকা ৯ম বছর শেষে দেয়া হবে ৩০ হাজার টাকা এবং ১২ বছর শেষে অর্জিত লাভসহ বাকী ৪০ হাজার টাকা প্রদান করা হবে।

(২) যে কোন কিস্তির টাকা উঠিয়ে নেয়ার পরও যদি বীমাগ্রহীতার মৃত্যু হয় তা হলে মৃত্যু পর্যন্ত অর্জিত লাভসহ সম্পূর্ণ বীমাঝুঁকির অংক বীমাগ্রহীতার মনোনীতককে পরিশোধ করা হবে।